গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারকঃ ৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.১৮-৫৭৬

তারিখঃ ২৯ মে ২০১৮ খ্রিস্টাব্দ।
১৫ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য প্রত্যেক পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	প্রজেক্টর অপারেটর ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) অন্যূন ৩ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। (গ) নির্ধারিত প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী, গাজীপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, জামালপুর, শেরপুর, টাঙ্গাইল, ফরিদপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, বি-বাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভীবাজার, রাজশাহী, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, মাগুরা, ঝিনাইদহ, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা পটুয়াখালী, বরগুনা (এতিম/শারিরীক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবে)।
২.	সারেং/লঞ্চ ড্রাইভার ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	০৩	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) ২য় শ্রেণীর অভ্যন্তরীণ নৌযান চালনার যোগ্যতা সংক্রান্ত সনদপত্র থাকতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
৩.	হিসাব করনিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
৪.	ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০৪	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
৫.	অফিস সহকারী ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগে (জিপিএ-২) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে মুদ্রাক্ষরের সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে-৩০, বাংলা-২৫ শব্দ গতি সম্পন্ন হতে হবে। (গ) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।	-ঐ-
৬.	সিইউইং, নিটিং এন্ড স্টিচিং ইন্সট্রাক্টর ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) ৫ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
৭.	সেনিটারী সহকারী ৯০০০-২১৮০০ (গ্রেড-১৭)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কোন স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
৮.	সিগন্যাল অপারেটর ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮)	০৬	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) বেতার যন্ত্র চালনার ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
৯.	সূত্রধর ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮)	০২	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) সংশ্লিষ্ট বিষয়ে ২ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণ প্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
১০.	অস্ত্র প্রশিক্ষক ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) অস্ত্রাদি চালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিষয়ে অন্যূন ৩ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
১১.	ব্যান্ডস্ ম্যান ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯)	০৫	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫´-৪´´। (গ) বুকের মাপ কমপক্ষে ৩০´´- ৩২´´। (ঘ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
১২.	মহিলা ব্যান্ড ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯)	৭২	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫´-২´´। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যাদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
১৩.	লস্কর	০৪	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ।	ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, গোপালগঞ্জ, ময়মনসিংহ,

ক্রম	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)		(খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	নেত্রকোনা, টাঙ্গাইল, চট্টগ্রাম, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, সিলেট, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, দিনাজপুর, ঝিনাইদহ, বরিশাল (এতিম/শারিরীক প্রতিবন্ধী কোটার সকল জেলা প্রার্থীরা আবেদন করতে পারবে)।
১৪.	মালী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০১	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) বাগান পরিচর্যার কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
১৫.	বাবুর্চী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৩	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) রন্ধন বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। (গ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-
১৬.	নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	০৭	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। (খ) দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫´-৪´´। (গ) বুকের মাপ ন্যূনতম ৩০´´- ৩২´´ ও সুস্বাস্থ্যের অধিকারী। (ঘ) নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে।	-ঐ-

শর্তাবলীঃ

(১) আবেদনকারীকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট www.ansarvdp.gov.bd এ প্রবেশ করে গুরুত্বপূর্ন লিংক এর আওতায় ৩য়/৪র্থ শ্রেনীর নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন করতে হবে।

(২) লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে নিম্নবর্ণিত কাগজপত্রাদির ১ সেট সত্যায়িত অনুলিপি এবং মূল কপি মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে (সকল কাগজপত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল ও সাময়িক সনদপত্র।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি করপোরেশনের কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(গ) (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতামহ-পিতামহীর/মাতামহ-মাতামহীর মুক্তিযুদ্ধের মূল/সাময়িক সনদপত্র।

(২) আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা হলে তিনি যে মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র কন্যার পুত্র-কন্যা-এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ।

(ঘ) এতিম/ প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ।

(ঙ) প্রার্থী বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য হলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ সনদ।

(চ) প্রার্থী ক্ষুদ্র-নৃগোষ্ঠী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

(ছ) সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণ অনলাইনে আবেদন করে বর্তমান চাকুরীর তথ্য প্রদান করবেন এবং লিখিত পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থী মৌখিক পরীক্ষার সময় ভাইভা বোর্ডের সামনে পূর্বের চাকুরী দাতা কর্তৃপক্ষের সম্মতিপত্র দাখিল করবেন।

(৩) সকল পদের জন্য প্রার্থীর বয়স ৩০/০৬/২০১৮ খ্রিঃ তারিখে অবশ্যই ন্যূনতম ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ব্যাপারে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না এবং এক্ষেত্রে বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

(৪) প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৫) আবেদনের জন্য ক্রমিক নং- ০১ হতে ক্রমিক নং-১২ পর্যন্ত ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং-১৩ হতে ১৬ পর্যন্ত ৫০/- (পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে। পরিশোধের নিয়মাবলী আবেদন ফরম পূরনের সাইটে দেয়া থাকবে।

(৬) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবেন না।

(৭) বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৮) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে।

(৯) নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত কোন তথ্য ভুল প্রমাণিত হলে কিংবা অসম্পূর্ণ তথ্য দাখিল করলে তার আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১০) অনলাইনে সঠিক জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করতে হবে। নম্বর যাচাই কালে ভুল প্রমাণিত হলে প্রার্থীতা বাতিল হয়ে যাবে।

(১১) আবেদন করার শেষ সময় ৩০/০৬/২০১৮ খ্রিঃ তারিখ।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফিরোজ খান)
পরিচালক (রেকর্ড)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।